ভোরের কাগজ

পৃষ্ঠা ৭ কলাম ৩

NOV. 12 2006

# খুলনায় আ'লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ আত্মগোপনে ।। ছাত্রলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়নি

লনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক
ব্যাহত ধরপাকড় ও সেনা অভিযানের
। আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের
বৃন্দ আত্মগোপনে চলে যাওয়ায়
দেশ ছাত্রলীগের খুলনা মহানগর
মলন অনুষ্ঠিত হয়নি। ২রা নভেম্বর
লীগ মহানগর শাখার সম্মেলন
য়ার কথা ছিল।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আওয়ামী
গের খুলনা জেলা শাখার সাধারণ
পাদক এস.এম মোস্তফা রশিদী সূজা
ং মহানগর শাখার সাধারণ সম্পাদক
ং সাবেক ত্রাণ প্রতিমন্ত্রীকে
নাবাহিনীর সদস্যরা আটক করার পর
ধিকাংশ নেতৃবৃন্দ বাড়ি ছাড়া হওয়ায়
ত্রলীগের সম্মেলন নিয়ে অনিশ্চয়তা
খা দেয়। ইতোমধ্যে সেনাবাহিনীর
দস্যরা ছাত্রলীগের শীর্ষস্থানীয়
তৃবৃন্দের বাসায় তল্লাশি চালিয়েছে।
নাবাহিনীর আতঙ্কে অধিকাংশ
তৃবৃন্দ বাড়িতে থাকছেন না।

১৬ই অক্টোবর মধ্যরাতে সেনাবাহিনীর
দস্যরা আওয়ামী লীগ খুলনা জেলা
াখার সাধারণ সম্পাদক এবং জাতীয়
ংসদের সাবেক হুইপ এস.এম মোস্তফা
রশিদী সুজাকে গ্রেফতার করে।

আটক নেতৃবৃন্দের মুক্তি দাবি করে
এবং সেনা অভিযানের নিরপেক্ষতা নিয়ে
সাংবাদিক সম্মেলন করার ২ ঘণ্টার
মাথায় ১লা নভেম্বর মহানগর শাখ
আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং
সাবেক ত্রাণ প্রতিমন্ত্রী তালুকদার আবদু
খালেক গ্রেপ্তার হন তার খুলনা শহরের
কয়লা ঘাটের বাসভবন থেকে।

সাবেক ত্রাণমন্ত্রীকে গ্রেপ্তারের প
খুলনা মহানগর এলাকায় আওয়ামী লী
৩রা নভেম্বর অর্ধদিবস হরতাল আহ্বা
করলে তা পণ্ড করতে খুলনায় মিছি
সমাবেশ নিষিদ্ধ করে খুলন
মেট্রোপলিটন পুলিশ অধ্যাদেশ জা
করে বলে আওয়ামী লীগ অভিযো
করেছে।

আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগ খুল
মহানগর শাখার সর্বশেষ সম্মেল
অনুষ্ঠিত হয় ২০০০ সালের জুলা
মাসে। চলতি ২রা নভেম্বর ছাত্রলী
খুলনা মহানগর শাখার সম্মেলনের দি
নির্ধারিত থাকলে বিনা নোটিশে
স্থগিত করা হয়। ছাত্রলীগের একজ
নেতা স্বীকার করেন যে, অভিযানে
কারণে তাদের নিয়মিত সাংগঠনি
তৎপরতা ব্যাহত হয়েছে। এ অবস্থা
সম্মেলন করা সম্ভব নয়।